

## 📖 সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২২৬

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৯০. অপবিত্র ব্যক্তির বিলম্বে গোসল করা

### باب في الجُنُبِ يُؤَخَّرُ الْغُسْلُ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا الْمُعْتَمِرُ، ح حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ،  
قَالَ حَدَّثَنَا بُرْدُ بْنُ سِنَانٍ، عَنْ عُبَادَةَ بْنِ نُسَيْبٍ، عَنْ غُضَيْفِ بْنِ الْحَارِثِ، قَالَ قُلْتُ  
لِعَائِشَةَ أَرَأَيْتِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَغْتَسِلُ مِنَ الْجَنَابَةِ فِي أَوَّلِ اللَّيْلِ  
أَوْ فِي آخِرِهِ قَالَتْ رُبَّمَا اغْتَسَلَ فِي أَوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا اغْتَسَلَ فِي آخِرِهِ . قُلْتُ اللَّهُ أَكْبَرُ  
الْحَمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ فِي الْأَمْرِ سَعَةً . قُلْتُ أَرَأَيْتِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ  
كَانَ يُؤْتِرُ أَوَّلَ اللَّيْلِ أَمْ فِي آخِرِهِ قَالَتْ رُبَّمَا أُوتِرَ فِي أَوَّلِ اللَّيْلِ وَرُبَّمَا أُوتِرَ فِي آخِرِهِ .  
قُلْتُ اللَّهُ أَكْبَرُ الْحَمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ فِي الْأَمْرِ سَعَةً . قُلْتُ أَرَأَيْتِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ  
عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَجْهَرُ بِالْقُرْآنِ أَمْ يَخْفِتُ بِهِ قَالَتْ رُبَّمَا جَهَرَ بِهِ وَرُبَّمَا خَفَتَ . قُلْتُ اللَّهُ  
أَكْبَرُ الْحَمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ فِي الْأَمْرِ سَعَةً .

– صحيح : م الفصل الاول منه

বাংলা

২২৬। গুদায়ফ ইবনুল হারিস সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি 'আয়িশাহ্ (রাঃ)-কে বললাম, আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জানাবাতের গোসল কখন করতে দেখেছেন, রাতের প্রথমভাগে না শেষভাগে? 'আয়িশাহ্ (রাঃ) বললেন, তিনি কখনো রাতের প্রথম ভাগে গোসল করতেন আবার কখনো রাতের শেষ ভাগে। আমি বললাম, আল্লাহ্ আকবার! সমস্ত প্রশংসা আল্লাহর জন্যই যিনি এ ব্যাপারে প্রশস্ততা ও সহজতা দান করেছেন। আমি বললাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিতর (সালাত) রাতের প্রথম দিকে আদায় করতেন, না শেষদিকে? তিনি বললেন, কখনো রাতের প্রথমদিকে বিতর আদায় করতেন আবার কখনো শেষ রাতে। আমি বললাম, আল্লাহ্ আকবার! সমস্ত প্রশংসা আল্লাহর জন্যই যিনি এ ব্যাপারে প্রশস্ততা ও সহজতা দান

করেছেন। আমি বললাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরআন তিলাওয়াত উচ্চস্বরে করতেন না নিম্নস্বরে? তিনি বললেন, তিনি কখনো উচ্চস্বরে এবং কখনো নিম্নস্বরে তিলাওয়াত করতেন। আমি বললাম, আল্লাহ আকবার! সমস্ত প্রশংসা আল্লাহর জন্যই, যিনি এ ব্যাপারে প্রশস্ততা ও সহজতা দান করেছেন। [1]

সহীহঃ মুসলিমে এর প্রথমাংশ রয়েছে।

## English

Narrated Aisha, Ummul Mu'minin:

Ghudayf ibn al-Harith reported: I asked Aisha: Have you seen the Messenger of Allah (ﷺ) washing (because of defilement) at the beginning of the night or at the end?

She replied: Sometimes he would take a bath at the beginning of the night and sometimes at the end.

Thereupon I exclaimed: Allah is most Great. All Praise be to Allah Who made this matter accommodative.

I again asked her: What do you think, did the Messenger of Allah (ﷺ) say the witr prayer (additional prayer after obligatory prayer at night) in the beginning of the night or at the end?

She replied: Sometimes he would say the witr prayer at the beginning of the night and sometimes at the end.

I exclaimed: Allah is most Great. All praise be to Allah Who made the matter accommodative.

Again I asked her: What do you think, did the Messenger of Allah (ﷺ) recite the Qur'an (in the prayer) loudly or softly?

She replied: Sometimes he would recite loudly and sometimes softly.

I exclaimed: Allah is most Great. All praise be to Allah Who made the matter flexible.

[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ রাতের প্রথম ও শেষভাগে গোসল করা, হাঃ ২২৩), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ রাতের সালাতের কিরাত, হাঃ ১৩৪৫), আহমাদ (৬/৪৭, ১৩৮)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57544>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন